

## মেস্কিকো সফরে প্রধানমন্ত্রী (জুন ০৮, ২০১৬)

মেস্কিকোর প্রেসিডেন্ট মহামান্য এনরিক পেনা নিয়েতোর আমন্ত্রণে প্রধানমন্ত্রী মেস্কিকোতে একটি সংক্ষিপ্ত কার্যকরী সফর করবেন, জুন ০৮, ২০১৬।

ভারত ও মেস্কিকো দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্র গত দু'বছরে নতুন শক্তি ও কার্যকলাপের সাক্ষী থেকেছে। সেপ্টেম্বর ২০১৫-এর প্রথমের দিকে রাষ্ট্রসভ্যের সাধারণ পরিষদের ফাঁকে মেস্কিকোর প্রেসিডেন্ট নিয়েতোর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন আমাদের প্রধানমন্ত্রী। সেই বৈঠকে সর্বোচ্চ পর্যায়ের সফরের বিষয়সূচি ঠিক করার জন্য দুই তরফে মন্ত্রিপরিষদের সফরের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। এই প্রক্রিয়ার ধারাবাহিকতা হিসাবে মেস্কিকোর বিদেশমন্ত্রী ২০১৬ সালের ১১-১৩ মার্চ ভারত সফর করেন এবং পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে আলোচনার ফাঁকে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

প্রধানমন্ত্রীর আসন্ন সফরের মূল উদ্দেশ্য, আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কের গতিধারাকে এগিয়ে নিয়ে যাওয়া এবং মহাকাশ, জ্বালানি, কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি-সহ বিভিন্ন ক্ষেত্র নিয়ে আলোচনা হবে। সফরকালে দুই নেতা এছাড়াও বিভিন্ন বহুপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা করবেন।

নয়াদিল্লি

মে ৩০, ২০১৬